গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ মন্ত্রণালয় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২৫৫–আইন/২০১০/৫৭৫–মূসক ৷– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদন্ত ক্ষমতাবলে, সরকার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিম্নে বিধৃত টেবিল এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূ হকে আমদানি ও উৎপাদন পর্যায়ে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ–

শৰ্তাবলী

- (১) নিম্নে বিধৃত টেবিলে উল্লিখিত পণ্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত
- ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান (চুক্তিভিত্তিক উৎপাদক ব্যতীত), ক্ষেত্রমত, বাণিজ্যিক আমদানিকারক প্রতিষ্ঠানকে, ঔষধ প্রশাসন পরিদপ্তর কর্তৃক অনুমোদিত ব্লক লিস্টে নির্ধারিত মূল্য ও পরিমাণের সীমার মধ্যে, ঔষধ উৎপাদন অথবা বিপননের জন্য আমদানি করিতে হইবে;
- (২) উৎপাদক অথবা আমদানিকারককে মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর ফরম "মূসক-১৯" এর মাধ্যমে উৎপাদিত অথবা আমদানিকৃত পণ্য ক্রয় ও বিক্রয় সংক্রান্ত বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করিতে হইবে;
- (৩) অব্যাহতিপ্রাপ্ত পণ্যের সরবরাহ ও বিক্রয় মূল্য পর্যালোচনা করে সরকার যে কোন সময়ে নিম্নে বিধৃত টেবিলে বর্ণিত যে কোন পণ্যের উপর প্রদন্ত মূল্য সংযোজন কর অব্যাহতি প্রত্যাহার করিতে পারিবে।

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of Goods)	
(১)	(२)	(৩)	-
७०.०२	७००२.२०.०० ७००२.७०.००	ভ্যাকসিন্স ফর হিউম্যান মেডিসিন, ভ্যাকসিন্স ফর ভেটেরিনারি মেডিসিন	

টেবিল

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (II. S. Code)	পণ্য সাম্ম্যীর বিবরণ (Description of Goods)
(১)	(২)	(৩)
৩০.০২ ৩০.০৩ ৩০.০৪ ৩০.০৬	সংশ্লিষ্ট এইচ,এস,কোড	সকল প্রকার জন্ম নিরোধক ও Insulin (ইনসুলিন)
৯০.১৮	৯০১৮.৩২.০০ ৯০১৮.৩৯.৯০	Fistula needles, Needles, Catheters, Cannulae and the like: Tubular metal needles and needles for sutures.
	৯০১৮.৯০.৩০	Other instruments and appliances: Angiographic Catheter wire, Guidy Catheter wire, Sheath, Baloons, Stents.
	२०१९.४०७	Other

২। এই প্রজ্ঞাপনের কার্যকরতা ১৬ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ড. নাসিরউদ্দীন আহমেদ] সচিব

5822